

সদ্য জাতীয় করা সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অবসরে যাওয়া যোগ্যতাবিহীন শিক্ষকদের অবসর ভাতা দেওয়ার প্রক্রিয়া চলছে বলে জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী জাকির হোসেন। রোববার সংসদের প্রশ্নোত্তরে জাতীয় পার্টির শামীম হায়দার পাটোয়ারীর প্রশ্নের উত্তরে প্রতিমন্ত্রী এ তথ্য জানান।

এর আগে সকালে স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে সংসদের বৈঠক শুরু হলে প্রশ্নোত্তর টেবিলে উত্থাপিত হয়।

একই প্রশ্নের উত্তরে প্রতিমন্ত্রী বলেন, জাতীয় করা প্রাথমিক বিদ্যালয়ের যোগ্যতাবিহীন বাদে অন্য শিক্ষকদের অবসর ভাতা যথাসময়ে দেওয়া হচ্ছে।

চট্টগ্রাম-১১ আসনের এম আবদুল লতিফের প্রশ্নের উত্তরে প্রতিমন্ত্রী বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর তথ্যের উদ্ধৃতি দিয়ে বলেন, বর্তমানে সাত বছর তদূর্ধ্ব সাক্ষরতার হার ৭৪ দশমিক ৪ ভাগ। এর মধ্যে পুরুষ ৭৬ দশমিক ৫ ভাগ এবং নারী ৭২ দশমিক ৩ ভাগ। বর্তমানে ১৫ বছর তদূর্ধ্ব সাক্ষরতার হার ৭৪ দশমিক ৭ ভাগ। এর মধ্যে পুরুষ ৭৭ দশমিক ৪ ভাগ এবং নারী ৭১ দশমিক ৯ ভাগ।